গাংনীতে ভাটা ব্যবসায়ী মফিজুলের বিরুদ্ধে ধর্ষন মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার ঠিকাদার ব্যবসায়ী সমিতির সদস্য ও ইটভাটা ব্যবসায়ী মফিজুলের বিরুদ্ধে ধর্ষন মামলা দায়ের করেছে ভুক্তোভোগি ধর্ষনের শিকার একই গ্রামের দিন মজুরের এক মেয়ে।

মফিজুল গাংনী উপজেলার যুগিন্দা গ্রামের ফকির পাড়ার সাজাতের ছেলে ।

মঙ্গলবার গাংনী থানায় একটি শিশু ও নারী নির্যাতন দমন আইন ৯(১) ২০০০ ধারায় মামলা হয়েছে। যার নং-১৩ তারিখ ১১/০২/২০২০ ইং।

মামলার এজাহার সুত্রে জানা যায়, ২০১৪ সালের নভেম্বর মাসের ২১ তারিখ থেকে আর্থিক সহ বিভিন্ন প্রলোভন দেখিয়ে ভুক্তোভোগি দিনমজুরের মেয়েকে ২০২০ সালের ফেব্রুয়ারী মাসের ৫ তারিখ পর্যন্ত ধর্ষন করে আসছে।

এজাহার সুত্রে আরও জানা যায়, ভুক্তোভোগি মেয়েকে বিভিন্ন সময় বিভিন্ন জায়গায় ধর্ষন করে আসছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আসামীকে গ্রেফতারের প্রক্রিয়া চলছে।

মেপ্র/ইএম

শীতার্তের পাশে আমরা মেহেরপুর ভাবনা

মেহেরপুরের সেচ্ছাসেবী সংগঠন ‘ভাবনা’র উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র ও শিশুদের পোশাক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর কমিউনিটি সেন্টার মিলনায়তনে শীতবস্ত্র

ও শিশুদের মাঝে পোশাক বিতরণ করা হয়।

মেহেরপুর ভাবনার সভাপতি সোহরাব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন উপস্থিত থেকে শীতবস্ত্র ও শিশুদের পোশাক বিতরণ করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক তৌহিদ উদ দ্দৌলা রেজা। বক্তব্য রাখেন মেহেরপুর ভাবনার রাতুল আহমেদ নুসরাত জামান শাকিল রেজা প্রমুখ।

অনুষ্ঠানের ২০০ শীতার্তের মাঝে শীতবস্ত্র সহ শিশুদের পোশাক বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

গাংনীতে অবৈধ করাতকলসহ তিনটি প্রতিষ্ঠানে ভ্রাম্যমান আদালতের অর্থদন্ড

মেহেরপুরের গাংনীতে অবৈধ করাতকল,মুদি দোকান ও খাবারের হোটেলে অভিযান চালিয়েছে ভ্রাম্যমান আদালত। তিনটি প্রতিষ্ঠানের কাছ থেকে ৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।
সোমবার দুপুরে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান এ অভিযান পরিচালনা করেন।

সুত্র জানায়,গাংনী উপজেলা শহরে ও বাইরে বেশ কিছু অবৈধ করাতকল রয়েছে। বিভিন্ন সমসয় করাতকলের সনদ পত্র নেয়ার জন্য তাগিদ দেয়া হলেও কোন কর্ণপাত করেনি তারা। সংবাদ পেয়ে করাতকলে অভিযান চালায় ভ্রাম্যমান আদালত। এসময় সনদ পত্র না থাকায় করাতকল মালিক আবু সাইদকে ২ হাজার টাকা জরিমানা করেন এবং সনদের জন্য শতর্ক করা হয়।

দ্রত করাতকল সনদ গ্রহনের জন্য। এদিকে মুদি দোকানে মেয়াদ উত্তীর্ণ শিশু খাদ্য রাখার ওপরাধে এবং নিম্ন মানের পাম ওয়েল রাখার অপরাধে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। অপরদিকে গাংনী বাজারের নুর হোটেলে নোংরা পরিবেশে খাবার পরিবেশন ও রান্না করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত। সুত্র আরো জানায়, এটি প্রাথমিক ভাবে শতর্কমুলক জরিমানা। অর্থদন্ডিতরা পরিবর্তন না হলে তাদেরকে অধিক অর্থদন্ড ছাড়াও উভয় দন্ডে দন্ডিত করা হবে।

আরো পড়ুন –গাঁজা রাখার অপরাধে এক ব্যক্তির জেল

গাঁজা রাখার অপরাধে এক ব্যক্তির জেল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের গাঁজা রাখার অপরাধে মংলা মন্ডল নামের এক ব্যক্তিকে কারাদণ্ড দেওয়া হয়েছে।

মঙ্গলবার সকালের দিকে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মংলা মন্ডলের ৫ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়। মংলা মন্ডল বল্লভপুর গ্রামের সত্যেন মন্ডল এর ছেলে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ ওসমান গনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এর আগে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে বল্লবপুর পূর্ব পাড়া থেকে মংলা মন্ডলকে ১শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত বসানো হয়।

আরো পড়ুন – অন্যায় করলে প্রতিমন্ত্রী, ডিসি কেউ ছাড় পাবে না – গোলাম রসুল

অন্যায় করলে প্রতিমন্ত্রী, ডিসি কেউ ছাড় পাবে না – গোলাম রসুল

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল বলেন, দূর্নীতি করলে মন্ত্রী, চেয়ারম্যান,মেয়র, ডিসি কাউকেই ছাড় দেওয়া হবেনা। দূর্নীতিবাজদের বিচার করা হবে।

তিনি আজ মঙ্গলবার সকালে জেলা পরিষদ চত্বরে ঐতিহাসিক ৭ই মার্চ পালনের প্রস্ততি সভায়নেতাকর্মীদের উদ্দেশ্যে এসব কথা বলেন। এসময় মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটনও বক্তব্যে রাখেন।

গোলাম রসুল কতিপয় আওয়ামীলীগ নেতাদের প্রতি হুশিয়ারি উচ্চারণ করে বলেন, গত ০৫ ফেব্রুয়ারি মুজিব বর্ষের মিটিং এ যেসব প্রবীণ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন এসব ত্যাগী নেতাদের বাড়িতে বাড়িতে যেয়ে নানাভাবে ভয়ভীতি দেখাচ্ছে এক শ্রেণীর ভন্ড, ধোকাবাজ ও নব্য আওয়ামীলীগার । তিনি ভন্ড নেতাদের হুশিয়ারি করে বলেন, ত্যাগী এসব নেতাকর্মীরাদের বাড়িড়ে বাড়িতে গিয়ে ভয়ভীতি দেখিয়ে নির্যাতিত করা হলে সে সকল ভন্ড ও নব্য নেতাদের হাত কেটে দেওয়া হবে।

মেয়র মাহফুজুর রহমান রিটন সকল মিডিয়াকে উদ্দেশ্য করে বলেন আহবায়কের অনুমোদন ছাড়া জেলা যুবলীগের ব্যানার ব্যবহার করতে পারে না। মুজিবনগর ও মেহেরপুর বহিষ্কৃত নেতাদের নিয়ে যুবলীগের মিছিল করেছে । এরা মাদক ব্যবসায়ীরা যুবলীগের প্রোগামে ছিল। এই সকল নেতা কর্মীকে তাদের কু-কর্মের কারণে যু্বলীগ থেকে তাদের বহিষ্কৃত করা হয়েছে । এই সকল বহিষ্কৃত নেতারা স্কুল কলেজের বিভিন্ন দূর্নীতির সাথে জড়িত আছে। তাদের সেই দুর্নীতি ঢাকার জন্য তারা আওয়ামীলীগে যোগ দিয়েছে।

তিনি আরোও বলেন, আগামী ৭ মার্চ সামসুজ্জোহা পার্কে সমাবেশের মাধ্যমে দূর্নীতির জবাব দেওয়া হবে।

মেহেরপুরের চলমান সমস্যা উদঘাটন ও সমাধানে এডভোকেসী প্লানিং সভা অনুষ্ঠিত

মেহেরপুরের বিভিন্ন চলমান সমস্যা তুলে ধরে সমাধান কল্পে এক এডভোকেসী অ্যাকশন প্লানিং সভা গতকাল সোমবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তন অনুষ্ঠিত হয়।

ডেমোক্রেসী ইন্টারন্যাশনাল এর আয়োজনে এ সভায় মেহেরপুর জেলা শহরের চলমান বিভিন্ন সমস্যা তুলে ধরে সমাধানের উপর পরিকল্পনা গ্রহণ করা হয়।
বিশেষ করে মেহেরপুর পৌরসভাধীন এলাকায় শিক্ষা প্রতিষ্ঠান গুলোর সামনে স্প্রীড বেকার না থাকায় প্রায় দুর্ঘটনা ঘটছে, এছাড়া যত্রতত্র অটো ছড়িয়ে-ছিটিয়ে রাখায় ও শহরের মধ্যে আলগামন, করিমন, নছিমন ও পাখিমন নির্র্বিঘ্নে চলাচল করাই যানযট সহ পথ দুর্ঘটনা ঘটছে। এবং কিশোর বয়সী ছেলেরা বেপরোয়াভাবে মোটরবাইক চালিয়ে ছোট ছোট দুর্ঘটনা ঘটিয়ে চলেছে। ফলে এ সমস্যা সমাধানে একটি পরিকল্পনা গ্রহন করা হয়।

অনুষ্ঠানে আলোচনায় অংশ গ্রহণ করেন জেলা মহিলা আওয়ামী লীগের সভানেত্রী শামীম আরা হীরা, সাবেক উপজেলা চেয়ারম্যান এডভোকেট মারুফ আহমেদ বিজন, মহিলা ভাইস চেয়ারম্যান লতিফন নেছা লতা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো: মোমিনুল ইসলাম ও পৌর বিএনপির সভাপতি মো: জাহাঙ্গীর হোসেন।

গভায় রাজনীতিবিদ, সাংবাদিক, জন প্রতিনিধি সহ বিভিন্ন পেশাজীবী গণ অংশ গ্রহন করেন।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন ডেমোক্রেসী ইন্টারন্যাশনাল এর

খুলনা অঞ্চলের প্রোগ্রাম অফিসার রুবাইয়াত হাসান ’’।

মেপ্র/আরপি

গাংনীতে সমবায়ীদের মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী সমবায় অফিসের উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) প্রকল্পের ৩য় পর্যায়ের গ্রাম উন্নয়ন সমবায়ীদের অংশগ্রহণে মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

সোমবার গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীতে এ সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমবায় কর্মকর্তা সৈয়দ জসিম উদ্দিন। প্রশিক্ষণ প্রদান করেন গাংনী উপজেলা মৎস্য অফিসার রবিউল ইসলাম।

বক্তব্য রাখেন সমবায়ীদের মধ্যে বীর মুক্তিযোদ্ধা সোহরাব হোসেন, রাকিবুল ইসলাম টুটুল, আব্দুর রশিদ, শহিদুল ইসলাম নাসির, ফয়েজ, হাবিব।

প্রশিক্ষণে সহযোগিতা করেন সহকারী পরিদর্শক রুহুল কুদ্দুস, হাফিজুর রহমান ও মেহেদী হাসান প্রমূখ। গাংনী উপজেলার ২১টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির ১২০ জন সদস্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

মেপ্র/ইএম

মুজিবনগরে আইনশৃঙ্খলা কমিটির সভা

মুজিবনগরে আইনসৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামন খান,মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন,মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক শরিফুল ইসলাম প্রমুখ।

এ সময় আইনশঙ্খলা কমিটির সকল সদসবৃন্দ উপস্থিত ছিলেন।

আরো পড়ুন-গাংনীতে অবশেষে মৃত্যুর কাছে হেরে গেলেন কলেজ ছাত্রী চাঁদনী

গাংনীতে অবশেষে মৃত্যুর কাছে হেরে গেলেন কলেজ ছাত্রী চাঁদনী

দেড় মাস যাবত পাঞ্জা লড়ে অবশেষে মৃত্যুর কাছে হেরে গেলেন কলেজ ছাত্রী চাঁদনী। পারিবারিক কলহের জের ধরে বাবা মায়ের ওপর অভিমান করে হারপিক পান করে অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থার তার মৃত্যু হয়।

চাঁদনি গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের সাইফুল ইসলামের মেয়ে ও গাংনী মহিলা ডিগ্রী কলেজের একাদশ শ্রেনীর ছাত্রী।

জানা গেছে, চাঁদনী প্রতিবেশি এক যুবককে ভাল বাসতো। কিছুদিন পর ভালবাসার বিষয়টি পরিবারের লোকজন বুঝে ফেলে। একপর্যায়ে চাঁদনীকে পরিবার থেকে চাপাচাপি করলে জীবন বিসর্জন দিতে হারপিক পান করে। বাড়ির লোকজন টের পেয়ে তাকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। চাঁদনীর অবস্থা অবনতি হলে রাজশাহী মেডিকেলে ভর্তি করেন। দীর্ঘদিন চিকিৎসার পরও তার অবস্থার কোন পরিবর্তন না হওয়ায় অবশেষে সোমবার সকালে তার মৃত্যু হয়। চাঁদনীর মৃত্যুতে এলাকায় শোক নেমে আসে। চাঁদনীর এ মৃত্যুতে এলাকায় নানা গুঞ্জনের সৃষ্টি হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ ওবাইদুর রহমান জানান, নিহত চাঁদনীর পরিবার থেকে আমাদের অবহিত করেছে। সেখানে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি যাচাই পুর্বক ব্যাবস্থা নেয়া হবে।

আরো পড়ুন-করোনাভাইরাস: দেশে বিমানবন্দরে স্বাস্থ্য পরীক্ষার তথ্যে গরমিল

গাংনীতে অবশিষ্ট ৫শ’ মে:টন ধান সংগ্রহের লক্ষ্যে লটারি অনুষ্ঠিত।

মেহেরপুরের গাংনী উপজেলায় অতিরিক্ত ৫শ’৪৫টন ধান সংগ্রহের লক্ষ্যে প্রকৃত কৃষক বাছাইয়ের জন্য লটারি অনুষ্ঠিত হয়েছে।
সোমবার বেলা ১১টার সময় উপজেলা নির্বাহী কর্মকর্তার সভা কক্ষে এ লটারি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান এর উপস্থিতিতে লটারি ঘোষনা করেন খাদ্র পরিদর্শক মোঃ মতিয়ার রহমান।

এবারের লটারিতে পৌরসভা থেকে ৫৭৭ জন কৃষকের মধ্যে থেকে ১৬ জন, ধানখোলা ইউনিয়ন থেকে ৭৮৩ জনের মধ্যে ৬৭টি জন, তেতুলবাড়িয়া ইউনিয়ন থেকে ২শ৯৮জনের মধ্যে থেকে ২৯জন, রাইপুর থেকে ৯শ’ ৪৭ জনের

মধ্যে ২৫জন,কাথুলী থেকে ৮শ’ ২১জনের মধ্যে ৪৬ জন, কাজিপুর ইউনিয়ন থেকে ৯৮জনের মধ্যে ৭২জন,বামন্দী থেকে ৩শ’২০ জনের মধ্যে ৯১জন, ষোলটাকা থেকে ৬৮৯ জনের মধ্যে ৪৫জন,মটমুড়া থেকে ৩শ’ ৩৮ জনের মধ্যে থেকে ৮২জন ও সাহারবাটি ইউনিয়ন থেকে ৬শ’২৬ জনের মধ্যে থেকে ৭২ জন কৃষক নির্বাচন করা হয়।

বিগত লটারিতে যেসব কৃষক বাদ পড়েছিলেনন তাদের মোট ৫হাজার ৫শ’৯৭ জনের মধ্যে থেকে এবার ৫শ’ ৪৫জন কৃষককে নির্বাচন করা হয়।

আরো পড়ুন-করোনাভাইরাস: দেশে বিমানবন্দরে স্বাস্থ্য পরীক্ষার তথ্যে গরমিল